দৈনিক সংবাদ

২৬৪

তারিখ ... NOV 5 1999 ...
পৃষ্ঠা ১২ কলাম ... ৬ ...

# ছাত্রীর আবেদন কর্তৃপক্ষ বিপাকে

চট্টগ্রাম থেকে অঞ্জন কুমার সেন ঃ পটিয়া সরকারি কলেজের এক ছাত্রী আদালতে এফিডেভিট করে লিঙ্গ পরিবর্তন করেছে। ওই ছাত্রী এখন শিক্ষাগত সার্টিফিকেটে তার নাম পরিবর্তন করে ছাত্র হিসেবে রাখার জন্য আবেদন জানালে চট্টগ্রাম শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ বিপাকে পড়েছে। কর্তৃপক্ষ এব্যাপারে কোন সিদ্ধান্তে আসতে পারছে না।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, পটিয়ার দক্ষিণ ভুর্সি গ্রামের আবদুস সবুরের কন্যা উলফাতুন্নেছা সম্প্রতি আদালতে এফি-ডেভিট করিয়ে তার নাম নাসিম উর রশীদ সিদ্দিকী (ছেলে) রাখে। ১৯৯৭ সালে সে পটিয়া কেন্দ্র থেকে ছাত্রী হিসেবে এসএসসি পরীক্ষায় অংশ নেয় ও উত্তীর্ণ হয়। ১৯৯৮ সালের শিক্ষাবর্ষে পটিয়া সরকারি কলেজে এইচএসসিতে ভর্তির সময় রেজিস্ট্রেশন সনদপত্রসহ যাবতীয় কাগজপত্রে সে নিজেকে ছাত্রী হিসেবে পরিচয় দেয় এবং নাম রাখে উলফাতুন্নেছা।

কিন্তু সম্প্রতি সে আদালতেএফিডেভিট দিয়ে নিজেকে ছাত্র হিসেবে চিহ্নিত করে এবং নাম রাখে নাসিম উর রশীদ। এবারের এইচএসসি পরীক্ষায় সে পাস করেছে।

সংশ্লিষ্ট সূত্রে আরো জানা যায়, গত সপ্তাহে উলফাতুন্নেছা তার এসএসসি ও এইচএসসির সার্টিফিকেটে নিজের নাম পরিবর্তন করে এফিডেভিটমূলে রাখা নামটি সন্নিবেশিত করার যাবতীয় পদক্ষেপ নেয়ার জন্য আবেদন জানিয়ে চট্টগ্রাম শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের কাছে দরখাস্ত করেছে। কিন্তু সার্টিফিকেটের নামে লিঙ্গান্তর করার আইনগত কোন বিধান না থাকায় শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ মহা বিপাকে পড়েছেন বলে জানা গেছে।